# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০
ফোন : ৪৮৩২০০৮১, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: www.pib.gov.bd, ই-মেইল : dg@pib.gov.bd, dgpib@yahoo.com সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd


মুজিব শতবর্ষ

## পিআইবি'র এপিএ টিমের ২৮.০৭.২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর এপিএ টিম-এর সভা ২৮.০৭.২০২২ তারিখ সকাল ১১.০০ টায় পরিচালক (প্রশাসন) ও এপিএ টিম-এর টিম লিডার ও ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ আফরাজুর রহমান-এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

| ক্র নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১. | মোহাম্মদ আফরাজুর রহমান<br>পরিচালক (প্রশাসন) | টিম লিডার ও ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম |
| ২. | মো. মিজানুর রহমান<br>সহকারী সম্পাদক (ফিচার) | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৩. | পারভীন সুলতানা রাব্বী<br>প্রশিক্ষক | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৪. | ড. কামরুল হক<br>গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৫. | মো. জাকির হোসেন<br>উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৬. | মোহাম্মদ নাছির উদ্দীন চৌধূরী<br>হিসাব অফিসার | সদস্য<br>পিআইবি এপিএ টিম |
| ৭. | শুভ কর্মকার<br>প্রভাষক | বিকল্প ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম |
| ৮. | মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞাঁ<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) | সদস্য<br>পিআইবি এপিএ টিম |

সভাপতি সকলকে স্বাগত জানান। তিনি কমিটির সদস্য ও উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ টিম-এর বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন সভা পরিচালনার আহবান জানান। সেই প্রেক্ষিতে উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব ২০২২-২০২৩ অর্থবছরে পিআইবি'র অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের কৌশলগত কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য প্রশিক্ষক বেগম পারভীন সুলতানা রাব্বীকে অনুরোধ জানান।

বেগম পারভীন সুলতানা রাব্বী বলেন, 'সংবাদপত্র, টেলিভিশন, অনলাইন মাধ্যমে কর্মরত সাংবাদিকদের বুনিয়াদী, ও বিষয়ভিত্তিক ও ইস্যুভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে সেবা প্রদান' শীর্ষক ১.১.১ কর্মসম্পাদন সূচকে প্রথম ত্রৈমাসিকে ১৭টি, দ্বিতীয় ত্রৈমাসিকে ৩০টি, তৃতীয় ত্রৈমাসিকে ৩০টি এবং চতুর্থ ত্রৈমাসিকে ১৫টি প্রশিক্ষণসহ মোট ৯২টি প্রশিক্ষণ ২০২২-২০২৩ অর্থবছরে লক্ষমাত্রা অর্জন করা হবে। তিনি আরো বলেন কর্মসম্পাদন '১.১.২ প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী' সূচকে প্রথম ত্রৈমাসিকে ৬০৪ জন, দ্বিতীয় ত্রৈমাসিকে ১১১২ জন, তৃতীয় ত্রৈমাসিকে ১১১২ জন, এবং চতুর্থ ত্রৈমাসিকে ৫৭২ জনসহ মোট ৩৪০০ জনের লক্ষমাত্রা অর্জন করা হবে। অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের ১.১.৩ কর্মশালা শীর্ষক সূচকের কর্মপরিকল্পনা সম্পর্কে জানাতে গিয়ে প্রশিক্ষক বেগম পারভীন সুলতানা রাব্বী বলেন, প্রথম ত্রৈমাসিকে ২টি, দ্বিতীয় ত্রৈমাসিকে ৫টি, তৃতীয় ত্রৈমাসিকে ৫টি, এবং চতুর্থ ত্রৈমাসিকে ৫টি। এই অর্থবছরে কর্মশালার মোট লক্ষ্যমাত্রা ১৫। ২০২২-২০২৩ অর্থবছরের ১.১.৫ অনলাইন কোর্স

কর্মসম্পাদন সূচকে ১ম ত্রৈমাসিকেই ৮টি অনলাইন কোর্স চালু করা হবে। ১.১.৭ অনলাইন কোর্সে অংশগ্রহণকারীর সংখ্যা-শীর্ষক কর্মসম্পাদন সূচকের লক্ষমাত্রা ৬০০ জন। এই লক্ষ্য অর্জনে প্রথম ত্রৈমাসিকে ১৫০ জন, দ্বিতীয় ত্রৈমাসিকে ১৫০ জন, তৃতীয় ত্রৈমাসিকে ১৫০ জন, চতুর্থ ত্রৈমাসিকে ১৫০ জন অর্জনের কর্মপরিকল্পনা রয়েছে।

প্রভাষক শুভ কর্মকার ১.১.৪ সাংবাদিকতায় মাস্টার্স কোর্স ও ১.১.৬ সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স এর কর্মপরিকল্পনা জানাতে গিয়ে বলেন, এই দুই সূচকের লক্ষ্যমাত্রা তৃতীয় ত্রৈমাসিকে অর্জিত হবে।

সহকারী সম্পাদক (ফিচার) জনাব মিজানুর রহমান বলেন, ২০২২-২০২৩ অর্থবছরে ২.১.১ গ্রন্থ মুদ্রণ কর্মসম্পাদন সূচকের মোট লক্ষ্যমাত্রা ১০। প্রথম ত্রৈমাসিকে ৩, দ্বিতীয় ত্রৈমাসিকে ১, তৃতীয় ত্রৈমাসিকে ১, চতুর্থ ত্রৈমাসিকে ৫ অর্জন করা হবে। ২.১.২ গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা প্রকাশ করা হবে ৫টি। এরমধ্যে প্রথম ত্রৈমাসিকে ১, দ্বিতীয় ত্রৈমাসিকে ২, তৃতীয় ত্রৈমাসিকে ১, চতুর্থ ত্রৈমাসিকে ১ টি নিরীক্ষা প্রকাশের কর্মপরিকল্পনা করেছি। কর্মসম্পাদন সূচক ২.১.৩-এ ৪০টি ফিচার প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রথম ত্রৈমাসিকে ১০, দ্বিতীয় ত্রৈমাসিকে ১৫, তৃতীয় ত্রৈমাসিকে ১৫ টি ফিচার ও নিবন্ধ প্রকাশের কর্মপরিকল্পনা রয়েছে। প্রথম ত্রৈমাসিকে ২.১.৪ বার্ষিক প্রতিবেদন প্রকাশের কর্মপরিকল্পনা রয়েছে। কর্মসম্পাদন সূচক ২.১.৫ বুকলেট তৃতীয় ত্রৈমাসিকে অর্জন করা হবে।

গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব ড. কামরুল হক বলেন, কর্মসম্পাদন সূচক ৩.১.১ গবেষণা ও তথ্য সংরক্ষণকর্ম এর লক্ষ্যমাত্রা ৪। ৪টি গবেষণাই চতুর্থ ত্রৈমাসিকে সম্পন্ন করা পরিকল্পনা রয়েছে। ৩.১.২ গ্রন্থাগার পাঠক সেবার লক্ষ্যমাত্রা ১০০০ যা প্রতি ত্রৈমাসিকে (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ) ২৫০ করে অর্জন করা হবে। ২০২২-২০২৩ অর্থবছরে ৯০০০টি ক্লিপিং সংরক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে কর্মসম্পাদন সূচক ৩.১.৩ ক্লিপিং সংরক্ষণে। এই লক্ষ্যমাত্রা প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকের প্রতিটিতে ২২৫০ করে অর্জন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব বলেন, ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা পূর্বেই তৈরি করা হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রেরিত পত্রে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহের পিআইবি'র নিজস্ব ১০০ নম্বরের (এপিএ'র কৌশলগত ৭০ এবং সুশাসন ও সংস্কারমূলক ৩০) বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রদান করতে বলেছেন। পূর্বতন বক্তারা পিআইবি এপিএ'র কৌশলগত ৭০ নম্বরের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রদান করেছেন। সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের ৩০ এর বাস্তবায়ন কর্মপরিকল্পনা হিসেবে পূবেই তৈরিকৃত ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা প্রেরণ করা যায়।

<u>আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:</u>

১. ২০২২-২০২৩ অর্থবছরে পিআইবি'র নিজস্ব এপিএ এর কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১.১.১ কর্মসম্পাদন সূচকে প্রথম ত্রৈমাসিকে ১৭টি, দ্বিতীয় ত্রৈমাসিকে ৩০টি, তৃতীয় ত্রৈমাসিকে ৩০টি এবং চতুর্থ ত্রৈমাসিকে ১৫টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।
- ১.১.২ প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী' সূচকে প্রথম ত্রৈমাসিকে ৬০৪ জন, দ্বিতীয় ত্রৈমাসিকে ১১১২ জন, তৃতীয় ত্রৈমাসিকে ১১১২ জন, এবং চতুর্থ ত্রৈমাসিকে ৫৭২ জনকে প্রশিক্ষণ ও কর্মশালা প্রদান করা হবে।
- ১.১.৩ কর্মশালা শীর্ষক সূচকে প্রথম ত্রৈমাসিকে ২টি, দ্বিতীয় ত্রৈমাসিকে ৫টি, তৃতীয় ত্রৈমাসিকে ৫টি, এবং চতুর্থ ত্রৈমাসিকে ৫টি কর্মশালা অনুষ্ঠিত হবে।
- ১.১.৪ সাংবাদিকতায় মাস্টার্স কোর্স এর লক্ষ্য তৃতীয় ত্রৈমাসিকে অর্জিত হবে।
- ১.১.৫ অনলাইন কোর্স কর্মসম্পাদন সূচকে ১ম ত্রৈমাসিকেই ৮টি অনলাইন কোর্স চালু করা হবে।

১.১.৬ সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স এর লক্ষ্যমাত্রা তৃতীয় ত্রৈমাসিকে অর্জিত হবে।

১.১.৭ অনলাইন কোর্সে অংশগ্রহণকারীর সংখ্যা প্রথম ত্রৈমাসিকে ১৫০ জন, দ্বিতীয় ত্রৈমাসিকে ১৫০ জন, তৃতীয় ত্রৈমাসিকে ১৫০ জন, চতুর্থ ত্রৈমাসিকে ১৫০ জন অর্জন করা হবে।

২.১.১ গ্রন্থ মুদ্রণ কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা প্রথম ত্রৈমাসিকে ৩, দ্বিতীয় ত্রৈমাসিকে ১, তৃতীয় ত্রৈমাসিকে ১, চতুর্থ ত্রৈমাসিকে ৫ অর্জন করা হবে।

২.১.২ গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা প্রথম ত্রৈমাসিকে ১, দ্বিতীয় ত্রৈমাসিকে ২, তৃতীয় ত্রৈমাসিকে ১, চতুর্থ ত্রৈমাসিকে ১ টি প্রকাশ করা হবে।

২.১.৩ ফিচার ও নিবন্ধ প্রথম ত্রৈমাসিকে ১০টি, দ্বিতীয় ত্রৈমাসিকে ১৫টি, তৃতীয় ত্রৈমাসিকে ১৫ টি ফিচার ও নিবন্ধ প্রকাশ করা হবে।

২.১.৪ বার্ষিক প্রতিবেদন প্রথম ত্রৈমাসিকে প্রকাশের কর্মপরিকল্পনা নেওয়া হয়।

৩.১.১ গবেষণা ও তথ্য সংরক্ষণকর্ম এর ৪টি গবেষণাই চতুর্থ ত্রৈমাসিকে সম্পন্ন করা হবে।

৩.১.২ গ্রন্থাগার পাঠক সেবার লক্ষ্যমাত্রা ১০০০ প্রতি ত্রৈমাসিকে (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ) ২৫০ করে অর্জন করা হবে।

৩.১.৩ ক্লিপিং সংরক্ষণে লক্ষ্যমাত্রা প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকের প্রতিটিতে ২২৫০ করে অর্জন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের কর্মপরিকল্পনায় ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ'তে প্রদত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. ২০২২-২০২৩ অর্থবছরের এপিএ বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট থাকা ও প্রমাণক সংগ্রহের বিষয়ে আরো সতর্ক থাকার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

সভাপতি বলেন, এপিএ টিমের সকল সদস্যর অংশগ্রহণে একটি কার্যকর সভা হয়েছে। সকলের সহযোগিতায় পিআইবি ২০২২-২০২৩ অর্থবছরে এপিএ লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে বলে আমি আশা করি। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

26/9/2022

(মোহাম্মদ আফরাজুর রহমান)
পরিচালক (প্রশাসন) ও
ফোকাল পয়েন্ট, এপিএ টিম

C:\Users\HP\Desktop\APA Meeting (28.07.2022).doc

# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা//www.pib.gov.bd, ই-মেইল : dg@pib.gov.bd, dgpib@yahoo.com সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd


মুজিব শতবর্ষ

## ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত

## এপিএ টিম-এর সভা

তারিখ: ২৮ জুলাই, ২০২২ ❂ সময় : বেলা ১১:০০টা

### এপিএ টিম-এর উপস্থিত কমকর্তাগণের স্বাক্ষর

| ক্র.ন. | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | মোহাম্মদ আফরাজুর রহমান<br>পরিচালক (প্রশাসন), টিম লিডার ও ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28/7/2022 |
| ০২. | মো. মিজানুর রহমান<br>সহকারী সম্পাদক(ফিচার) ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28/7/022 |
| ০৩. | পারভীন সুলতানা রাব্বী<br>প্রশিক্ষক ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28.07.2022 |
| ০৪. | ড.কামরুল হক<br>গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি),চ.দা. ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28/7/2022 |
| ০৫. | মো. জাকির হোসেন<br>উপপরিচালক (প্রশাসন),চলতি দায়িত্ব ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28.7.2022 |
| ০৬. | মোহাম্মদ নাছিরউদ্দীন চৌধুরী<br>হিসাব অফিসার ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা | [signature] 28/07/2022 |
| ০৭. | শুভ কর্মকার<br>প্রভাষক ও বিকল্প ফোকাল পয়েন্ট<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28/07/2022 |
| ০৮. | মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার(অ.দা.) ও সদস্য<br>পিআইবি এপিএ টিম<br>পিআইবি, ঢাকা। | [signature] 28/7/2022 |